**Resolution of the "Special Conference on Bangladesh Delta Plan 2100 and Sustainable Development in Bangladesh"**

Held on January 11-12, 2019
At Krishibid Institution, Farm Gate, Dhaka

## Preamble

The Government of Bangladesh (GoB), with technical and financial assistance of the Government of the Netherlands (GoN), has prepared *Bangladesh Delta Plan 2100* (in short, BDP)

To discuss this plan, Bangladesh Poribesh Andolon (BAPA) and Bangladesh Environment Network (BEN), together with universities and other pro-environment institutions and bodies organized the "Special Conference on Bangladesh Delta Plan 2100 and Sustainable Development in Bangladesh." It was held on Jan 11-12, 2019 at Krishibid Institution, Farm Gate, Dhaka.




A large number of experts and activists joined this conference from all across the country and from abroad. The number of registered participants was more than 400. International participants included BEN members from different parts of the world, and non-Bangladeshi participants from India, Nepal, USA, and Germany.

A total of 92 papers were submitted for presentation at the conference. Of them 63 were presented at more than twenty plenary and parallel Expert sessions. Alongside, five parallel and one plenary General session were held for discussion by activists and representatives of cross-section of the society. A good number of government officials related to BDP 2100 and river issues joined the conference. Among them were Dr. Shamsul Alam, Senior Secretary and Chief of the General Economics Division (GED) of the Bangladesh Planning Commission, who led the process of BDP formulation; Mr. Giasuddin Ahmed Chowdhury, Deputy Leader of BDP team, Dutch member Ms. Catherine, and Ms. Mujibur Rahman Howlader, Chairman of Bangladesh River Commission.

Immediately after the Opening session, a special plenary session was held where the main theme paper was presented by Dr. Nazrul Islam, Founder of BEN and Vice President of BAPA, and Dr. Shamsul Alam offered his response.

The conference also has Opening and Concluding Sessions, where Prof. Nazrul Islam, former Chairman of the University Grants Commission, and Prof. Wahiduddin Mahmud, the renowned economist of Bangladesh, were the Chief Guests, respectively. BAPA President, Prof. Abdullah Abu Sayeed and Prof. Feroze Ahmed, the Convener of the Conference also participated in these sessions.

Based on the papers presented at the conference and the discussion held on them, a draft resolution was adopted at the Strategy Session. The following presents the final version of this resolution.

## Resolution on Bangladesh Delta Plan

1. The conference welcomes the government initiative to formulate the Bangladesh Delta Plan 2100, and commends all who were involved in this effort.

2. The conference commends BDP 2100 team for its efforts to ensure transparency of the process and its willingness to get comments and feedback from outside experts and the public.

3. The conference thanks the government officials who joined the conference, informed the participants about BDP 2100, and responded to the discussion.

4. The conference welcomed the fact that the BDP 2100 formulation project was led by the Planning Commission instead of any implementing agency, which would have suffered from conflict of interests in carrying out this task.

5. The conference notes and commends the comprehensive character of BDP 2100.

6. The conference further notes and commends the compilation and updating of a huge amount of information that BDP has done about Bangladesh's land and water related issues and the new knowledge that it has generated.

7. The conference commends the readability of the DBP 2100, ensured by its plain style of presentation.

8. The conference notes the important and extensive use of the term "Hotspots" and wonders whether some other term would have been more appropriate, particularly in view of the fact that the six hotspots identified by BDP 2100 cover 93 percent of the area and 90 percent of the population of Bangladesh, suggesting that these are no longer "spots," which are supposed to be small parts of a much larger area.




9. The conference also wonders whether BDP could use less jargons and circuitous reasoning and statements.

10. The conference wonders whether BDP could devote more energy to primary data generation and original analysis of delta issues, as was done in the Land and Water Resources Sector Study (LWRSS) conducted by the World Bank during 1970-1972.

11. The Conference laments the fact that the Second Volume of BDP 2100 is yet to be made public. The same applies to the list of 80 projects that BDP apparently has now approved. Lack of public availability of this volume and list hinders assessment of BDP by outside experts and the public. Furthermore, the conference observes that the website of BDP has been hacked so that BDP documents that were previously available are no longer available.

12. The conference observes that there remains in the BDP discussion some confusion about the relationship between the National Plan and the Delta Plan and hopes that this can be cleared up further.

13. The conference recognizes the appeal of the Dutch experience for BDP. However, it notes the fundamental differences between the Dutch delta and Bangladesh delta in terms of their vital physiographic and hydrological characteristics. For example, while one-fifth of the Netherlands is below sea-level, no part of Bangladesh landmass is below sea-level. The volume of river flows in the Netherlands is insignificant relative to the volume of river flows in Bangladesh. While the amount of rainfall and river flow remains almost constant throughout the year, the Bangladesh both are characterized by extreme seasonality, with more than 80 percent concentrated on just four months of the year. Whereas main problem for the Netherlands is sea-flooding, the main problem in Bangladesh is river-flooding. As a result of the above differences, the main delta management task for the Netherlands is maintenance and protection of polders. By contrast, the main delta management task for Bangladesh is to ensure "optimal de-control of the high season flow of rivers" so that water and sediment can spread across floodplains and tidal plains, sustaining the process of delta formation, keeping the flood depth and damages low, retaining water on the floodplains for use in winter, increasing the groundwater recharge rate, and maintaining the depth and health of the river channels. Thus, unlike in the Netherlands, construction of polders is not vital for Bangladesh and in fact complicates the above task of

"optimum de-control of high season flow."

14. The conference notes that the Dutch thinking and practice of water management has evolved over time. From exclusive focus on polder construction and protection, the Dutch has moved to the "Room for Rivers" project, under which more of floodplain is opened up for river to overflow, groins and other obstructions to river flow are either removed or minimized, depolderization is carried out. In learning from the Dutch experience, BDP can pay more attention to the strategy and practice of the "Room for Rivers" project.



15. The Conference also feels that Bangladesh has much to learn from the Dutch success in keeping their cities connected with rivers through extensive canal system. This success contrasts with filling up of canals and other waters bodies that in the past kept Bangladesh's cities and towns with adjoining rivers.

16. The conference feels that while international experience, such as of the Dutch delta, can be helpful, the main source of learning for future planning in Bangladesh has to be its own past experience with water development.

17. The conference notes that the direction of Bangladesh's water development efforts and projects was set largely by the Master Plan formulated in 1964 by the San Francisco-based International Engineering Company." The Master Plan was based on the Cordon approach which promotes sealing (cordoning) of floodplains and tidal plains from adjoining rivers. Cordons give rise to polders when embankments are built on all sides.

According to World Bank review, the Master Plan was a "massive scheme for empoldering huge portions of the country," covering about 8 million acres -- more than one-third of the arable land of the country

(IBRD, 1965, p. 2) It further observed that "there is at least one project in every district and, in some districts, all the land area is included in a project (ibid).

Unfortunately, polderization of part of the floodplain increases the flooding the areas remaining outside. On the other hand, it encourages below-flood-level settlement inside polders, so that in the event of embankment failures, flooding becomes catastrophic for people living inside polders. Meanwhile, polders give rise to the new problems of drainage and waterlogging, which are now expanding all across Bangladesh, both rural and urban. In many places, waterlogging has become a permanent condition causing immense miseries for the local people.

The main lesson of the past experience of water development efforts in Bangladesh is therefore that the Cordon approach is not appropriate for Bangladesh. Instead, the appropriate approach is the Open approach that allows river overflow to spread deep and wide across the floodplains and thus helps to keep flood depth and damages low, sustain the process of sedimentation on floodplains, counteract the land-subsidence process, avoid problems of drainage and waterlogging, store water for use in winter, increase rate of groundwater recharge, and maintain the depth and flow of river channels. By sustaining the sedimentation of the coastal lands and raising their elevation, the Open approach helps to counteract the sea level rise caused by global warming. This is exemplified by the fact that the land elevation of the Sundarbans, which have remained outside polders, has remained stable relative to the sea level, while the land elevation inside the polders has suffered relative decline. Thus, the past experience shows clearly that Bangladesh needs to abandon the Cordon approach and embrace the Open approach.



18. The conference notes that BDP does not conduct adequate original, in-depth analyses of the past water development projects. It also does not pay enough attention to already available critical reviews of these projects conducted by various lending agencies. Instead, BDP relies considerably on the rosy evaluations by the implementing agencies of the various Flood Control, Drainage, and Irrigation (FCDI) projects. As a result, despite noticing many negative aspects of the Cordon approach, BDP doesn't opt for a clear break with it and doesn't embrace the Open approach.

19. The Conference agrees with BDP's emphasis on upstream interventions in transboundary rivers as one of the two most important problems faced by Bangladesh. However, the conference notes with disappointment that the strategies suggested by BDP for overcoming this problem do not hold much promise. These strategies are, by and large, what Bangladesh has been following for many years now, without much success in increasing its share in the transboundary river flows. Instead, this share keeps on decreasing.

20. The Conference notes the absence in BDP any or sufficient mention the 1997 *UN Convention on Non-navigational Uses of International Watercourses* and the potential that signing of this Convention has in

strengthening Bangladesh's negotiating position in bilateral, multilateral, and international frameworks regarding its claim on transboundary river flows. The conference urges

the government of Bangladesh and of other countries of the region to sign and ratify the 1997 UN Convention and follow this Convention to make the best use of the river resources shared by them. Accordingly, the Conference thinks that BDP should pay adequate attention to this potential of the 1997 UN Convention in reducing the uncertainty regarding transboundary river flows.

21. Similarly, the Conference notes the absence of any mention in BDP of the "Rivers for Transit" formula, a way in which Bangladesh could leverage its geographical advantage to neutralize India's geographical advantage and thus secure a greater share of transboundary river flows. It can therefore provide a "win-win" solution for Bangladesh and India to their river and access problems, respectively. In particular, the Conference notes that the "Rivers for Transit" formula is particularly aligned with the interests of India's seven north-eastern states, whose development is suffering due to the difficulty in access to and connectivity with the rest of India.

22. The Conference notes the absence in BDP of a close examination of the experience of the Farakka Barrage, in particular the upstream flooding and riverbank erosion that it has caused by siltation of the river bed, in addition to the problems it has caused for downstream Bangladesh. The Conference thinks that the Farakka Barrage experience provides important lessons for BDP in devising appropriate water strategy for Bangladesh, in general, and for determining the appropriateness of barrages inside Bangladesh, in particular.



23. The Conference notes the absence in BDP of any or sufficient mention of the growing demand in India for demolition of the Farakka Barrage. Led by Nitish Kumar, Chief Minister of Bihar, this demand has now been joined by Rajendra Singh, India's *Waterman*, Himangsu Thakkar, Coordinator, South Asian Network on Dams, Rivers, and People (SANDARP), and many others. BDP fails to consider the opening that Indian domestic demand for demolition of the Farakka Barrage creates for Bangladesh to raise and join this demand.

24. The conference notes that BDP suffers from a fundamental philosophical ambiguity regarding water development strategy in Bangladesh. This ambiguity adversely affects its discussion and choice of projects. BDP presents two contrasting water development philosophies, calling them as "Optimal Water Control (OWC)" and "Adaptation By Design (ABD)." With some modifications, these two philosophies correspond roughly to the Cordon and Open approaches to rivers, respectively, mentioned earlier. BDP also refers to these philosophies as "cornerstones" or "endpoints." However, these alternative characterizations are not compatible with each other. As a result, BDP lacks any clear guiding philosophy.

25. The Conference notes that the philosophical ambiguity of BDP leads to a problematic project portfolio, as manifested by the list of 15 projects that BDP proposes for immediate implementation. This list begins with two barrage projects – namely the Ganges Barrage and the Brahmaputra Barrage – which contradict BDP's

own advocacy for starting with “non lock-in” and “no regrets” projects. Barrages have a life-time extending more than a century, and hence cannot be considered as “non lock-in.” On the other hand, experience of the Teesta Barrage shows that barrages can become ineffective unless enough flow in transboundary rivers can be ensured.

There is a high likelihood that both the proposed barrages will face the problem of insufficient transboundary water flow. Furthermore, Farakka barrage shows that both the proposed barrages can cause serious upstream and downstream problems. Thus, it is quite possible that both of these barrage projects will prove to be “regrets” projects. In view of the problems above, the Conference thinks the barrage projects should be postponed until competent, detailed, and independent technical feasibility and economic efficiency analyses are carried out. The conference further notes that feasibility analyses carried out after these projects have already been approved are sure to be biased and hence not reliable.

26. The Conference notes that the problematic feature of the proposed project portfolio also manifests itself in the fact that many of the proposed projects can move in completely opposite directions. “Redesigning of Coastal Polders” (Project 5) is an example. Given the ambiguity of BDP philosophy, this may mean either fortification of the embankments or creating openings in the embankment to reestablish connection with rivers. Similar is the situation with “Flood Management” (Projects 8 and 12), which can be achieved either by preventing river overflow from getting inside (by constructing embankment) or by spreading river overflow far and wide on floodplains and thereby keeping the depth and damage low.




27. The Conference finds that some of the proposed projects are unspecified, i.e. they are so vaguely formulated that it is difficult to understand what it will entail. An example is

“Restoration of Chalan Beel” (Project 2), which does not give any idea about how the restoration will be achieved. Furthermore, the proposed Brahmaputra barrage project, by diverting water away, can make restoration of Chalan Beel more difficult, illustrating the fact that projects included in the portfolio can be cross-purpose with each other.

28. The Conference also notices that some of the proposed projects are obvious, in the sense that these do not require a “Delta Plan” to be suggested. Examples include “Improved Water Supply and Drainage for urban areas “(Project 9) and “CHT (drinking) water supply” (Project 11).


29. On the other hand, the Conference notices that some projects necessary to address deeply delta-related issues remain missing. An example is the issue of river widening and bank erosion. Another example is raising groundwater table recharge rate. Tackling many of these issues may require initial study projects. However, BDP’s portfolio of 15 projects does not include any such (study) project.

30. The Conference was informed that a second volume of the Delta Plan has become now become available. The Conference called for making the volume publicly accessible as soon as possible. Furthermore, the Conference notes that the second volume is devoted to “Investment Program,” which therefore represents, in a sense, the “end result” of the BDP. It is not appropriate to proceed with BDP until thorough public discussion is held on its investment program.

31. It also came to the knowledge of the Conference that BDP has now selected 80 projects for implementation. Apparently, the selection was made by a group of national and World Bank experts out of 123 projects that various implementing agencies had submitted. It seems that the second volume of BDP contains this list and offers some description of these proposed projects. The Conference called for making this list public as soon as possible.

32. The Conference also expressed its puzzlement at the way the project choice was made. The Delta Plan was argued on the basis of the necessity for holistic, integrated, and comprehensive thinking. It is not clear how this necessity is met if all that a committee does is to choose from projects suggested by implementing agencies, which are known to have a narrow, agency-specific, and parochial view.

33. The Conference views the above weaknesses of the project portfolio as manifestation of the underlying philosophical ambiguity and eclecticism of BDP. It urges to overcome this ambiguity. It notes that ambiguity at the philosophical level has rendered the plan rudderless, producing a project portfolio that is riddled with inconsistencies and conflicts.



34. The Conference notes that Bangladesh has already tried the Cordon approach for about 70 years. It has not solved Bangladesh's flood problem. Instead, it has given rise to the ubiquitous problem of waterlogging. As the country tries formulate a plan for the next century, the time has come to go for a clear break with the Cordon approach and embrace the Open approach. The Open approach is the more appropriate approach to rivers under Bangladesh's geological and hydrological conditions. It is the resilient approach, offering the maximum latitude possible to withstand the uncertainties presented by Climate Change and upstream intervention in transboundary rivers. It is less risky and more conducive to social solidarity, because it does not divide the society between the "protected" and the "unprotected." Open approach is also the flexible and nimble approach that allows structural interventions that can work *with* nature and not *against* it. It is the Open approach that is more compatible with sustainable development, in general, and Sustainable Development Goals (SDGs), in particular, in Bangladesh.

35. The Conference notes that compromise at the level of implementation is not the same as compromise at the level of philosophy. For example, embankments are possible under both the Cordon and Open approaches. However, the *purpose* of embankments under the Cordon Approach is *prevention* of river overflow from entering floodplains, because the philosophy of the Cordon is to seal off floodplains from rivers. By contrast, the purpose of embankments under the Open approach is to *regulate the timing and extent* of river overflow onto floodplains, because the philosophy of the Open approach is to keep floodplains open to rivers. Unless this basic philosophical distinction is clear, the practice of embankments soon loses track and morphs into something different, as has generally been the case with Bangladesh's many

FCDI projects, where flood *control* was taken to mean flood *prevention*. Similarly, extremely high valued infrastructures, such as the airport, of course, deserve full protection from flooding. However, as BDP itself notes, the causality often works in the opposite direction. Protection brings about risky development, and then the society gets trapped to provide ever increasing protection. A clear

philosophy can help to avoid such reverse causality. For example, the philosophy can guide the selection of the site of a new airport, and so forth.

36. The Conference notes that the Prime Minister, Sheikh Hasina, during her visit to the Ministry of Water Resources called for living with floods. Similarly, in her speech at the Diploma Engineers' conference urged engineers to refrain from ubiquitous construction of dams, embankments, sluice gates, and other structures that obstruct free flow of rivers. The Prime Minister was in effect calling for adoption of the Open approach. Delta Plan should be formulated keeping her views and instructions in mind.



37. The Conference notes that a plan whose time horizon is a century need not be finalized in a hurry. Moreover, the Delta Act is yet to be tabled to the Parliament. Furthermore, the second volume of the Delta Plan is yet to be made public. Hence there is time for revising the Delta Plan and reworking it on the basis of the Open approach.

38. The Conference expresses the hope that the Government of Bangladesh will try to benefit from this Resolution decide to improve it in the light of the suggestions made in it.

39. The Conference announced that both BAPA and BEN stand ready to help the government in revising the Delta Plan on the basis of the Open approach to rivers, as outlined in this Resolution. It noted further that more detailed suggestions regarding modifications of the Delta Plan are available in the book, titled *Bangladesh Delta Plan 2100: A Review*, written by Dr. Nazrul Islam, Founder of BEN and Vice President of BAPA, and made available to the participants of the conference.



40. The Conference appeals to all citizens of Bangladesh to come forward in support of this Resolution and join the fight for saving the basic character and beauty of Bangladesh delta.

-------------

বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং পরিবেশ সপক্ষ সংস্থার সহযোগে

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এবং

বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন) কর্তৃক আয়োজিত

# বদ্বীপ পরিকল্পনা ২১০০ এবং বাংলাদেশ স্থায়িত্বশীল উন্নয়ন বিষয়ক বিশেষ সম্মেলনে গৃহীত প্রস্তাব ও দাবী

১১-১২ জানুয়ারী, ২০১৯

কৃষিবিদ ইন্সটিটিউশন, ঢাকা

## ভূমিকা

ওলন্দাজ সরকারের আর্থিক এবং কারিগরি সহায়তার উপর ভিত্তি করে বাংলাদেশ সরকার "বদ্বীপ পরিকল্পনা ২১০০" প্রণয়ন করেছে। এই পরিকল্পনা নিয়েবিশ্লেষণ ও আলোচনার উদ্দেশ্যে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং পরিবেশ সপক্ষ অন্যান্য সংস্থার সহযোগে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এবং বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন) দুই দিনব্যাপী "বদ্বীপ পরিকল্পনা ২১০০ এবং বাংলাদেশ স্থায়িত্বশীল উন্নয়ন" শীর্ষক এক বিশেষ সম্মেলনের আয়োজন করে। ২০১৯ সনের ১১-১২ জানুয়ারি, ঢাকার কৃষিবিদ ইন্সটিটিউশনে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

দেশের বিভিন্ন এলাকা এবং বিদেশে থেকে এক বিরাট সংখ্যক পরিবেশ বিশেষজ্ঞ এবং কর্মী এই সম্মেলনে যোগ দেন। নিবন্ধিত অংশগ্রহণকারীদের সংখ্যা ছিল চার শতাধিক। পৃথিবীর বিভিন্ন দেশ থেকে আগত বেনের সদস্যরা ছাড়াও ভারত, নেপাল, জার্মানী, ও যুক্তরাষ্ট্র থেকে আগত বেশ কয়েকজন আন্তর্জাতিক প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেন।

সম্মেলনে পরিবেশনের জন্য মোট ৯২টি প্রবন্ধ প্রেরিত হয়। তারমধ্যে ৬৩টি সম্মেলনে পরিবেশিত হয়। বিশটি সমান্তরাল এবং একটি সম্মিলিত "বিশেষজ্ঞ অধিবেশনে" এসব প্রবন্ধ উপস্থাপিত হয়। এছাড়া চারটি সমান্তরাল ও একটি সম্মিলিত "সাধারণ অধিবেশন" অনুষ্ঠিত হয়। এসব অধিবেশনে দেশের বিভিন্ন এলাকার পরিবেশ কর্মী, সমাজের বিভিন্ন অংশের প্রতিনিধি, ও নীতি নির্ধারক এসব অধিবেশন বক্তব্য রাখেন। বদ্বীপ পরিকল্পনা প্রণয়নকারী দলের বেশ কয়েকজনসরকারী কর্মকর্তাসম্মেলনে অংশগ্রহণ করেন। তাঁদের মধ্যে ছিলেন ড শামসুল আলম,জেষ্ঠ সচিব ও পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের প্রধান, যিনি বদ্বীপ পরিকল্পনা প্রণয়নে নেতৃত্ব দিয়েছেন। আরও ছিলেনবদ্বীপ পরিকল্পনা প্রণয়ন দলের উপপ্রধান, গিয়াসুদ্দিন আহমেদ চৌধুরী, বদ্বীপ পরিকল্পনা প্রণয়ন দলের ওলন্দাজ সদস্য ক্যাথরিন। এছাড়া নদী কমিশনের সভাপতি মুজিবুর রহমান হাওলাদারও সম্মেলনে অংশ নেন।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনের পরপরই বিশেষ সম্মিলিত অধিবেশন অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে সম্মেলনের মূল প্রবন্ধ উপস্থিত করেন বেনের প্রতিষ্ঠাতা এবং বাপার সহ-সভাপতি ডঃ নজরুল ইসলাম এবং তাঁর উপর আলোচনা করেন ডঃ শামসুল আলম।

সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়মঞ্জুরী কমিশনের প্রাক্তন সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম এবং সমাপনী অধিবেশনের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক অধ্যাপক ফিরোজ আহমেদ এবং বাপা সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ সম্মেলনে অংশগ্রহণ করেন।




উপস্থাপিত প্রবন্ধ এবং অনুষ্ঠিত আলোচনা থেকে যেসব মূল বিষয় এবং সুপারিশ বেড়িয়ে আসে সেগুলোর ভিত্তিতে সম্মেলনে একটি খসড়া প্রস্তাব পেশ করা হয়। সম্মেলনের কৌশল অধিবেশনে অনুষ্ঠিত এই খসড়ার উপর আলোচনার ভিত্তিতে নিম্নরূপ চূড়ান্ত প্রস্তাব গৃহীত হয়।

# “বদ্বীপ পরিকল্পনা ২১০০” বিষয়ক প্রস্তাব

১। সম্মেলন বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা২১০০ প্রণয়নের উদ্যোগকে স্বাগত জানায় এবং এই কাজে জড়িত সকলকে ধন্যবাদ জানায়।

২। বদ্বীপ পরিকল্পনা প্রণয়ণের প্রক্রিয়াকে স্বচ্ছ রাখা এবং এই প্রক্রিয়ায় সরকার বহির্ভূত বিশেষজ্ঞ এবং জনগণের মতামত গ্রহণের যে প্রয়াস পরিলক্ষিত হয়েছে, সম্মেলন তাকে স্বাগত জানায়।

৩। সরকারের যেসব কর্মকর্তা এই সম্মেলনে যোগ দিয়ে নিজেদের বক্তব্য তুলে ধরেছেন এবং সম্মেলনের আলোচনার প্রত্যুত্তর দিয়েছেন, সম্মেলন তাদের সকলকে ধন্যবাদ জানায়।

৪। সম্মেলন আনন্দিত যে, বদ্বীপ পরিকল্পনা প্রণয়নের কাজটি পরিকল্পনা কমিশনের অধীনে পরিচালিত হয়েছে, কেননা কোনো বাস্তবায়নকারী সংস্থার আধীনে এটি পরিচালিত হলে তাতে স্বার্থ-সংঘাতজনিত সমস্যা দেখা দেয়ার সম্ভাবনা ছিল।

৫। সম্মেলন বদ্বীপ পরিকল্পনার সামগ্রিক চরিত্রকে স্বাগত জানায়।

৬। সম্মেলন লক্ষ করে যে, বদ্বীপ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়ায় বাংলাদেশের ভূমিও পানি বিষয়ক বিপুল পরিমাণ তথ্যের হালনাগাদ এবংসন্নিবেশ করা হয়েছে। এর ফলে তথ্যের এবং জ্ঞানের নতুন ভাণ্ডারের সৃষ্টি হয়েছে। সম্মেলন এই কৃতিত্বের জন্য বদ্বীপ পরিকল্পনা দলকে অভিনন্দন জানায়।

৭। বদ্বীপ পরিকল্পনাটি সরল ভাষায় রচিত হয়েছে। সম্মেলন সেজন্য বদ্বীপ পরিকল্পনা দলকে ধন্যবাদ জানায়।

৮। বদ্বীপ পরিকল্পনায় “হটস্পট” কথাটি ব্যাপকভাবে ব্যবহৃত হয়েছে। তবে এই শব্দচয়ন উপযোগী কিনা,তা প্রশ্নের বিষয়। বিশেষত যেহেতু বদ্বীপ পরিকল্পনায় দেশের ৯৩ শতাংশ এলাকা এবং জনগণের ৯০ শতাংশ মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছে, সেহেতু এগুলোকে আর “স্পট”বলাঠিক কিনা তা প্রশ্নের বিষয়।




৯। সম্মেলন লক্ষ্য করে যে,বদ্বীপ পরিকল্পনায় প্রচুর পরিমাণ অভিধা এবং শ্রেণীভুক্তিকরণ ব্যবহৃত হয়েছে। অনেক সময় এসবের কারণে আলোচনা দ্রুত সম্মুখে অগ্রসর হতে পারে না। প্রয়োজনীয় সম্পাদনার মাধ্যমে এসব বাঁধা হ্রাস করে আলোচনাকে আরও প্রত্যক্ষ এবং দ্রুতগামী করার সুযোগ আছে কিনা, তা বিবেচনারজন্যসম্মেলন আহ্বান জানায়।

১০। সম্মেলন লক্ষ্য করে যে,বদ্বীপ পরিকল্পনায় প্রাথমিক তথ্য সৃষ্টি ও সংগ্রহ এবং তাঁর ভিত্তিতে মৌলিক গবেষণা সম্পাদনের আরও বেশী প্রয়োজনীয়তা এবং সুযোগ ছিল। লক্ষ্যণীয় যে,১৯৭০-১৯৭২ সনে বিশ্বব্যাংক সম্পাদিত বাংলাদেশের “ল্যান্ড এন্ড ওয়াটার সম্পদস্টাডি”তে অনেক বেশী প্রাথমিক তথ্য এবং গবেষণা পরিবেশিত হয়েছিল।

১১। সম্মেলন লক্ষ্য করে যে, বদ্বীপ পরিকল্পনার দ্বিতীয় খন্ড সবেমাত্র প্রণীত হয়েছে এবং তা এখনও জনগণের কাছে লভ্য নয়। একইভাবে বদ্বীপ পরিকল্পনায় পরবর্তীতে অন্তর্ভুক্তির মাধ্যমে যে মোট ৮০টি প্রকল্পের তালিকা প্রণীত হয়েছে, সেটিও জনসমক্ষে প্রকাশিত হয়নি। এর ফলে এই সম্মেলন বদ্বীপ পরিকল্পনার দ্বিতীয় খন্ড এবং ৮০ প্রকল্পের তালিকা পর্যালোচনার সুযোগ পায় নি। তদুপরি, বদ্বীপ পরিকল্পনার ওয়েব-সাইট অধিকৃত (হ্যাকড) হয়ে যাওয়ার ফলে বদ্বীপ পরিকল্পনার প্রথম খন্ড এবং অন্যান্য যেসব প্রকাশনা আগে লভ্য ছিল সেগুলোও এখন আর লভ্য নয়। সম্মেলন বদ্বীপ পরিকল্পনার ওয়েব-সাইট পুনরুদ্ধার এবং সেখানে এই পরিকল্পনা সংক্রান্ত আগের এবং নতুন সকল দলিল ও প্রকাশনা জনগণের নিকট লভ্য করার আহ্বান জানায়।

১২। সম্মেলন লক্ষ্য করে যে, বদ্বীপ পরিকল্পনার আলোচনায় জাতীয় পরিকল্পনার সাথে বদ্বীপ পরিকল্পনার পরস্পরিক সম্পর্কের আলোচনা আরও পরিচ্ছন্ন করার সুযোগ রয়েছে। সম্মেলন সে সুযোগ ব্যবহারের আহ্বান জানায়।

১৩। সম্মেলন লক্ষ্য করে যে,বাংলাদেশের বদ্বীপ পরিকল্পনা প্রণয়নের জন্য ওলন্দাজ অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণের যথেষ্ট যৌক্তিকতা রয়েছে। তবে সম্মেলন মনে করে যে,এক্ষেত্রে ওলন্দাজ বদ্বীপ এবং বঙ্গীয় বদ্বীপের ভূ-প্রাকৃতিক এবং পানি প্রবাহ সংক্রান্ত(হাইড্রোলজিক)পরিস্থিতির মধ্যে মৌলিক পার্থক্যের বিষয়ে সচেতন হওয়া প্রয়োজন। যেখানে নেদারল্যান্ডের এক-পঞ্চমাংশ ভূমি সমুদ্র সীমার নীচে,সেখানে বাংলাদেশের কোন জমি সমুদ্র সীমার নীচে নয়। যেখানে নেদারল্যান্ডের নদীসমূহের প্রবাহ স্বল্প পরিমাণের, সেখানে বাংলাদেশের নদনদীসমূহের প্রবাহের পরিমাণ বিপুল। যেখানে নেদারল্যান্ডে বৃষ্টিপাত এবং নদীপ্রবাহের কোন ঋতুভেদ নেই, সেখানে বাংলাদেশে বৃষ্টিপাত এবং নদীপ্রবাহের ঋতুভেদ চরম। যেখানে নেদারল্যান্ডের মূল সমস্যা হলো সমুদ্রের প্লাবন, সেখানে বাংলাদেশের মূল সমস্যা হলো নদীর প্লাবন। যেখানে নেদারল্যান্ডের বদ্বীপ ব্যবস্থাপনার মূল করণীয় হলো পোল্ডারসমূহের সুরক্ষা, সেখানে বাংলাদেশের বদ্বীপ ব্যবস্থাপনার মূল করণীয় হলো বর্ষাকালের নদীপ্রবাহের সুষম বিস্তৃতকরণ, যাতে প্লাবনভূমিতে পানি এবং পলি সুষমভাবে বিস্তৃত হতে পারে, বদ্বীপ গঠনের প্রক্রিয়া অক্ষুণ্ণ থাকতে পারে, বন্যা এবং বন্যাজনিত ক্ষয়ক্ষতি সীমিত থাকে, শীতকালে ব্যবহারের জন্য প্লাবনভূমিতে পানি সঞ্চিত থাকে, ভূগর্ভস্থ পানি স্তরের নবায়নের হার বৃদ্ধি পায়, নদনদী খাতের গভীরতা ও প্রবাহ অক্ষুণ্ণ থাকে।

১৪। সম্মেলন লক্ষ্য করে যে, বদ্বীপ ও পানি ব্যবস্থাপনা সম্পর্কে ওলন্দাজ চিন্তা ও কর্মকান্ডেও পরিবর্তন ঘটেছে। এর ফলশ্রুতিতে ২০০৬ সনে ওলন্দাজ সরকার “রুম ফর রিভার্স” প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্পের অধীনে প্লাবনভূমির আরও

বেশী অংশ নদী প্রবাহের জন্য উন্মুক্ত করা হচ্ছে; পোল্ডার অবমুক্ত করা হচ্ছে; এবং নদী প্রবাহ বাধাগ্রস্থকারী বিভিন্ন কাঠামো অপসারণ করা হচ্ছে।বাংলাদেশের বদ্বীপ পরিকল্পনার জন্য নেদারল্যান্ডের পঞ্চাশ ও ষাটের দশকের চিন্তার পরিবর্তে বর্তমানের "রুম ফর রিভার্স" প্রকল্পের অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণের জন্য সম্মেলন আহ্বান জানায়।

১৫। সম্মেলন মনে করে যে, খালের বিস্তৃত নেটওয়ার্কের মাধ্যমে শহরসমূহকে নদনদীর সাথে সংযুক্ত রাখার ক্ষেত্রে ওলন্দাজ সাফল্য থেকেও বাংলাদেশ শিক্ষাগ্রহণ করতে পারে। পরিতাপের বিষয় যে, বাংলাদেশে শহরের খাল এবং অন্যান্য জলাশয়সমূহকে ক্রমান্বয়ে বরং আরও ভরাট করে ফেলা হচ্ছে।

১৬। সম্মেলন মনে করে যে, যদিও আন্তর্জাতিক অভিজ্ঞতা, বিশেষত ওলন্দাজ অভিজ্ঞতা থেকে বাংলাদেশের বদ্বীপ পরিকল্পনার জন্য শিক্ষণীয় হিসাবেগ্রহণ করতে হবে, এক্ষেত্রে মূল শিক্ষার উৎস হলো পানি উন্নয়ন বিষয়ে বাংলাদেশের নিজস্ব অভিজ্ঞতা।

১৭। সম্মেলন লক্ষ্য করে যে, ১৯৬৪ যুক্তরাষ্ট্রের সান-সানফ্রানসিসকো শহরের "ইন্টারন্যাশনাল ইঞ্জিনিয়ারিং কোম্পানি" (আইইসিও) কর্তৃক প্রণীত "মাস্টার প্ল্যান" বাংলাদেশের পানি উন্নয়ন ধারা নির্ধারিত করে দেয়। এটা ছিল নদ-নদীসমূহের প্রতি "অবরোধ পন্থা," ইংরাজিতে "কর্ডন এপ্রোচ" ভিত্তিক পানি উন্নয়ন প্রচেষ্টা। চতুর্দিকে কর্ডন (তথা বাঁধ) নির্মিত হলে তাবেড়িবাঁধে পরিণত হয় এবং পোল্ডারের সৃষ্টি হয়। মাস্টার প্ল্যান ছিল মূলত বাংলাদেশের কৃষিজমির প্রায় এক-তৃতীয়াংশ – অর্থাৎ প্রায় আশী লক্ষ একর জমিকে – পোল্ডারে পরিণত করার কর্মসূচি। মাস্টার প্ল্যান অনুযায়ী বাংলাদেশের প্রায় প্রতিটি জেলায় অন্তত পক্ষে একটি পোল্ডার এবং কোথাও কোথাও পুরো জেলাকে পোল্ডারে পরিণত করার কর্মসূচি গৃহীত হয়।

পরিতাপের বিষয় যে, প্লাবনভূমির কোন অংশকে পোল্ডারে পরিণত করা হলে বাকী অংশের উপর বন্যার চাপ বৃদ্ধি পায়। অন্যদিকে পোল্ডারের ভেতরে "প্লাবন সীমার নীচে" বসতি স্থাপনের প্রক্রিয়া অগ্রসর হয়। ফলে কোনো কারণে বাঁধ ভেঙ্গে গেলে পোল্ডারের জনগণ চরম বিধ্বংসী (ক্যাটাসট্রফিক) প্লাবনের সম্মুখীন হয়। এছাড়া, পোল্ডারের ভেতরে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং তা একটি সাংবাৎসরিক দুর্ভোগের কারণ হয়ে দাঁড়ায়। বাংলাদেশে এখন শহর, গ্রাম, উভয় স্থানেই জলাবদ্ধতার প্রসার ঘটেছে। কোথাও কোথাও, বিশেষত বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমে জলাবদ্ধতা একটি স্থায়ী রূপ গ্রহণ করেছে, এবং সে এলাকার জনগণের জীবনকে দুর্বিসহ করেছে।

সুতরাং, বাংলাদেশের পানি উন্নয়নের অতীত অভিজ্ঞতার মূল শিক্ষা এই যে, নদনদীর প্রতি অবরোধ পন্থা এবং পোল্ডার সৃষ্টি বাংলাদেশের জন্য উপযোগী নয়। বরং, বাংলাদেশের জন্য উপযোগী হলো নদনদীর প্রতি উন্মুক্ত পন্থা। এই পন্থা বন্যা সমস্যাকে প্রশমিত করে; প্লাবন ভূমিতে পলিভরণ অব্যাহত রাখে; প্লাবনভূমির অবনমনের সমস্যা দূরীভূত করে; বদ্বীপ গঠনের প্রক্রিয়া অব্যাহত রাখে; এবং জলাবদ্ধতার সমস্যা দূরীভূত করে; শীতকালে ব্যবহারের জন্য প্লাবনভূমিতে পানি সঞ্চিত রাখে; ভূগর্ভস্থ পানি স্তরের নবায়নের হার বৃদ্ধি করে; নদনদী খাতের গভীরতা ও প্রবাহ অক্ষুণ্ণ রাখে। অব্যাহত পলিভরনের মাধ্যমে জমির উচ্চতা বৃদ্ধি পাওয়ার ফলে সমুদ্র পৃষ্ঠার উচ্চতা বৃদ্ধির বিপদ মোকাবেলাকে সহায়ক করে। নদনদীর প্রতি উন্মুক্ত পন্থাথাকার কারণেই সুন্দরবনের জমি-উচ্চতা স্থিতিশীল রয়েছে; পক্ষান্তরে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পোল্ডারসমূহের অভ্যন্তরে জমির উচ্চতা আরও হ্রাস পেয়েছে। সুতরাং, অতীত অভিজ্ঞতা দেখায় যে,অবরোধ পন্থা পরিত্যাগ করে উন্মুক্ত পন্থা গ্রহণ করা বাংলাদেশের জন্য একান্ত জরুরী।

১৮। সম্মেলন লক্ষ্য করে যে, বদ্বীপ পরিকল্পনায় অতীতে বাস্তবায়িত এসব প্রকল্পসমূহের পর্যাপ্ত, মৌলিক, এবং গভীর বিশ্লেষণ উপস্থিত করা হয় নাই। বিভিন্ন দাতা সংস্থা এসব প্রকল্পের যেসব সমালোচনামূলক মূল্যায়ন করা হয়েছে, সেগুলোর প্রতিও যথাযথ মনোযোগ দেয়া হয় নি। বরং মূলত বাস্তবায়নকারী সংস্থাসমূহের আত্মপ্রশংসামূলক মূল্যায়নের উপরই

নির্ভর করা হয়েছে। ফলে বদ্বীপ পরিকল্পনা পানি উন্নয়ন বিষয়ক বাংলাদেশের অতীত অভিজ্ঞতা থেকে মূল শিক্ষা গ্রহণে অপারগ হয়। উন্মুক্ত পন্থার পক্ষে কিছু কথা বলা হলেও শেষাবধি অবরোধ পন্থার প্রতিই পক্ষপাতিত্ব পরিদৃষ্ট হয়।

১৯। সম্মেলন বদ্বীপ পরিকল্পনা কর্তৃক আন্তর্জাতিক নদনদীসমূহের পানি হ্রাস এবং অনিশ্চয়তাকে অন্যতম মূল সমস্যা হিসেবে চিহ্নিতকরণকে সঠিক বলে মনে করে। কিন্তু সম্মেলন লক্ষ করে যে,আন্তর্জাতিক নদনদীসমূহে বাংলাদেশের পানি হিস্যা বৃদ্ধি ও অনিশ্চয়তা হ্রাসের লক্ষ্যে বদ্বীপ পরিকল্পনা যেসব কৌশল প্রস্তাব করেছে, সেগুলো তেমন কার্যকর নয়। স্বাধীনতার পর থেকেই বাংলাদেশ এসব কৌশল অনুসরণ করছে, কিন্তু তাতে তেমন ফল পাওয়া যায় নি। বরং,বাংলাদেশে আন্তর্জাতিক নদ-নদীর পানি দিন দিন হ্রাস পাচ্ছে।

২০। সম্মেলন পরিতাপের সাথে লক্ষ্য করে যে, আন্তর্জাতিক নদ-নদীতে বাংলাদেশের পানি হিস্যা বৃদ্ধি ও অনিশ্চয়তা হ্রাসের লক্ষ্যে সম্ভাব্য কৌশলের আলোচনায় বদ্বীপ পরিকল্পনা আন্তর্জাতিক নদনদীর ব্যাবহার সংক্রান্ত জাতিসংঘের ১৯৯৭ সনের কনভেনশনের কোন উল্লেখ করে না। অথচ এই সনদে সাক্ষরের মাধ্যমে বাংলাদেশ দ্বিপক্ষীয়, বহুপক্ষীয়, এবং আন্তর্জাতিক ফোরামে নদনদীতে স্বীয় ন্যায্য হিস্যার পক্ষে যুক্তি রচনায় স্বীয় অবস্থান আরও শক্তিশালী করতে পারে। সেজন্য সম্মেলন অবিলম্বে এই সনদ সাক্ষরের জন্য বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান। একইসাথে সম্মেলন এই অঞ্চলের নদনদীসমূহের সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে ভারতসহ উপমহাদেশের সকল দেশের প্রতি জাতিসংঘের এই সনদে সাক্ষরের আহ্বান জানায়।

২১। একইভাবে সম্মেলন লক্ষ করে যে, আন্তর্জাতিক নদনদীসমূহে বাংলাদেশের পানির হিস্যা বৃদ্ধি ও অনিশ্চয়তা হ্রাসের লক্ষ্যে বদ্বীপ পরিকল্পনা বেন কর্তৃক প্রস্তাবিত "নদীর বিনিময়ে ট্রানজিট" ফর্মুলা ব্যবহারের প্রতি কোন মনোযোগ দেয় না। অথচ এই ফর্মুলা বাংলাদেশ এবং ভারত –- উভয়ের জন্য একটি "জিত-জিত" সমাধান নিশ্চিত করতে পারে। লক্ষ্যণীয়, এই ফর্মুলা ভারতের পূর্বাঞ্চলের সাতটি রাজ্যের স্বার্থ রক্ষায় বিশেষভাবে সহায়ক।

২২। সম্মেলন লক্ষ করে যে, বদ্বীপ পরিকল্পনা ফারাক্কা বাঁধের অভিজ্ঞতার প্রতি যথাযথ মনোযোগ দেয় না। সুবিদিত যে, ফারাক্কা বাঁধ শুধু ভাটির বাংলাদেশের জন্য বিপুল ক্ষতি সাধন করেছে তাই নয়, তা উজানের বিহার রাজ্যের মানুষের জন্য প্রকট বন্যা ও নদী ভাঙ্গনের সমস্যা সৃষ্টি করেছে। ফারাক্কার কারণে প্রায় ৩০০ মিলিয়ন টন পলিমাটি ফারাক্কার উজানেগঙ্গার নদী বক্ষে সঞ্চিত হচ্ছে। ফলে নদীর উচ্চতা ও প্রশস্থতা বৃদ্ধি পাচ্ছে। ফারাক্কার এই অভিজ্ঞতা বাংলাদেশের ভবিষ্যত পানি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে, বিশেষত বাংলাদেশে নতুন বাঁধ নির্মানের প্রস্তাব করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বদ্বীপ পরিকল্পনায় এর প্রতিফলন পাওয়া যায় না।

২৩। সম্মেলন লক্ষ্য করে যে, উজানে ফারাক্কা-সৃষ্ট উপর্যুক্ত বিপর্যয়ের কারণে এখন ভারতে অভ্যন্তরে ফারাক্কা বাঁধ অপসারণের দাবিতে জোর আন্দোলন গড়ে উঠেছে। বিহারের মুখ্যমন্ত্রী নিতিশ কুমার এই আন্দোলনেরনেতৃত্ব দিচ্ছেন। ভারতের ওয়াটারম্যান বলে খ্যাত রাজেন্দ্র সিং, ভারতের স্যান্দারপের পরিচালক হিমাংসু থাকারও এই আন্দোলনে যোগ দিয়েছেন। দিন দিন এই আন্দোলন শক্তিশালী হচ্ছে। পরিতাপের বিষয় যে, বদ্বীপ পরিকল্পনা এই আন্দোলনের প্রতি কোন মনোযোগ দেয় না। অথচ ফারাক্কা বাঁধ অপসারণের দাবী উত্থাপনের লক্ষ্যে এই আন্দোলন বাংলাদেশের জন্য একটি মূল্যবান সুযোগের সৃষ্টি করেছে।

২৪। সম্মেলন লক্ষ্য করে যে, বদ্বীপ পরিকল্পনায় "অপটিমাম ওয়াটার কন্ট্রোল" এবং "এডাপ্টেশন বাই ডিজাইন" নামে দুটি বিপরীতধর্মী পানি উন্নয়ন বিষয়ক দর্শনের উল্লেখ করে। পর্যালোচনা থেকে দেখা যায় যে, এই দুটি দর্শন বহুলাংশে নদনদীর প্রতি পূর্বোল্লিখিত অবরোধ পন্থা এবং উন্মুক্ত পন্থার অনুবর্তী। কিন্তু পরিতাপের বিষয় যে, বদ্বীপ পরিকল্পনায় এই দুইয়ের মধ্যে কোন একটিকে পরিষ্কারভাবে গ্রহণ করে না। বরং এই দুই দর্শনকে আবার "কর্নারস্টোন" এবং "এন্ড পয়েন্ট" হিসেবে আখ্যায়িত করে বাড়তি বিভ্রান্তি সৃষ্টি করে।

২৫। পানি উন্নয়নের দর্শন সংক্রান্ত এই দ্বিধাগ্রস্থতা বদ্বীপ পরিকল্পনাকে প্রভাবিত করে। বিশেষত এর ফলে বদ্বীপ পরিকল্পনা একটি সমস্যাকীর্ণ প্রকল্প তালিকা প্রস্তাব করে। যেমন,বদ্বীপ পরিকল্পনা অনুযায়ী এর বাস্তবায়ন শুরু হওয়ার কথা "অনুশোচনাহীন" এবং " তালাবদ্ধতা বিহীন" প্রকল্প দ্বারা। অথচ, বদ্বীপ পরিকল্পনায় পরিবেশিত আশু বাস্তবায়নযোগ্য ১৫টি প্রকল্পের যে তালিকা পরিবেশিত হয়, তাঁর প্রথমে আছে "গঙ্গা বাঁধ" এবং তৃতীয় স্থানে রয়েছে "ব্রহ্মপুত্র বাঁধ"। বলার অপেক্ষা রাখে না যে, এ ধরণের বাঁধ প্রকল্প কিছুতেই "তালাবদ্ধহীন" হতে পারে না। অন্যদিকে ভারতের ফারাক্কা বাঁধ এবং বাংলাদেশের তিস্তা বাঁধের অভিজ্ঞতার আলোকে কোনোভাবেই নিশ্চিত হওয়া যায় না যে,প্রস্তাবিত "গঙ্গা বাঁধ" এবং "ব্রহ্মপুত্র বাঁধ" "অনুশোচনা"র কারণ হবে না। সুতরাং, বদ্বীপ পরিকল্পনার প্রকল্পসমূহ এই পরিকল্পনার নিজের যুক্তিসমূহের সাথেই সাংঘর্ষিক।তদুপরি এসব প্রকল্প প্রস্তাবের আগে এগুলোর বিস্তারিত কারিগরি এবং অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন প্রয়োজন ছিল। সেজন্য প্রয়োজন প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ এবং উচ্চ রেজুলেশনেরডিজিটাল উচ্চতা মানচিত্রের ব্যবহার।প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং সমীক্ষার আগেই এসব বাঁধ প্রকল্প প্রস্তাব করা মোটেও যুক্তিসংগত নয়। সম্মেলন লক্ষ্য করে যে,আগে থেকে অনুমোদিত হওয়ার পর এসব প্রকল্পের কারিগরি ও অর্থনৈতিক মূল্যায়ন সম্পাদিত হলে তা মোটেও নিরপেক্ষ হবে না।

২৬। বদ্বীপ পরিকল্পনার প্রকল্প তালিকার দুর্বলতার আরেকটি দিক হলো যে, এমন সব প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে যে, সেগুলো বিপরীত দিকে অগ্রসর হতে পারে,এবং বদ্বীপ পরিকল্পনার দর্শনগত দ্বিধাগ্রস্থতার কারণে স্পষ্ট নয় যে, বাস্তবে তা কোন ধারার দিকে যাবে। যেমন ৫নং প্রকল্প হলো "উপকূলীয় পোল্ডারের পুনর্ডিজাইনিং।" এই পুনর্ডিজাইনিংয়ের অর্থ হতে পারে বাঁধসমূহকে আরও শক্তিশালী করা। আবার এর অর্থ হতে পারে বাঁধ সমূহের মধ্যে ফাঁক সৃষ্টি করে নদনদীর সাথে পোল্ডারের যোগাযোগ পুনপ্রতিষ্ঠিত করা। বদ্বীপ পরিকল্পনার কোথাও কোথাও আবার ডিপোল্ডারাইজেশনের প্রস্তাবও করা হয়েছে। সুতরাং ৫নং প্রকল্পের শিরোনামা থেকে বোঝা সম্ভব নয় যে, এর কোনটি প্রস্তাব করা হচ্ছে।

২৭। কিছু প্রকল্প আছে যেগুলো খুবই অস্পষ্ট। যেমন দুই নং প্রকল্প হলো "চলন বিলের পুনরুজ্জীবন।" কিভাবে এই পুনরুজ্জীবন সম্ভব হবে, তা মোটেও স্পষ্ট নয়। বস্তুত অন্য কিছু প্রকল্প, যেমন ব্রহ্মপুত্র বাঁধ প্রকল্প চলন বিলের পুনরুজ্জীবনকে আরও কঠিন করে তুলতে পারে। সুতরাং, বদ্বীপ পরিকল্পনার বিভিন্ন প্রকল্প পরস্পর সংহারকও বটে!

২৮। কিছু কিছু প্রকল্প আছে, যেগুলোর প্রয়োজনীয়তা এমনিতেই স্পষ্ট এবং সেগুলোর জন্য বদ্বীপ পরিকল্পনার প্রয়োজন করে না। যেমন, শহরে পানি সরবরাহ (৯ নং প্রকল্প) এবং পার্বত্য চট্টগ্রামে সুপেয় পানি সরবরাহ (প্রকল্প ১১)।

২৯। অন্যদিকে বেশ কিছু বদ্বীপ সংশ্লিষ্ট ইস্যু আছে যেগুলো প্রকল্প তালিকায় প্রতিফলিত হয় না। যেমন বদ্বীপ পরিকল্পনায় নদনদীসমূহের প্রশস্থতা বৃদ্ধির বিষয়টির উপর জোর দেয়া হয়। কিন্তু এর তলবর্তী কারণ কী, এবং কীভাবে তা রোধ করা যায়, সে সম্পর্কে কোন গবেষণা প্রকল্প কিংবা ক্ষুদ্রাকার পাইলট প্রকল্প  বদ্বীপ পরিকল্পনার প্রকল্প তালিকায় পাওয়া যায় না। একইভাবে, ভূগর্ভস্থ পানি স্তরের নবায়ন হার বৃদ্ধি সম্পর্কেও কোন সমীক্ষা প্রকল্প বা ক্ষুদ্রাকার পাইলট প্রকল্প এই তালিকায় পাওয়া যায় না। এরূপ আর বহু বিষয়ে সমীক্ষা হওয়া প্রয়োজন, এবং পরিকল্পনার আশু প্রকল্প তালিকায় এ ধরণের সমীক্ষা প্রকল্পই বেশী থাকা দরকার।

৩০। সম্মেলন অবগত হয় যে, বদ্বীপ পরিকল্পনার দ্বিতীয় খন্ড অতি সম্প্রতি তৈরি হয়েছে। সম্মেলন তা দ্রুত জনগণের নিকট প্রকাশ করার আহ্বান জানাচ্ছে।

৩১। সম্মেলন অবগত হয় যে, বদ্বীপ পরিকল্পনা এখন ৮০টি প্রকল্প ২০১৮-২০৩০ সময়কালে বাস্তবায়নের জন্য নির্বাচিত করেছে। বিভিন্ন বাস্তবায়নকারী সংস্থা যে ১২৩টি প্রকল্প প্রস্তাব করেছে, বিশ্বব্যাংকের এবং বাংলাদেশের অর্থনীতিবিদ এবং বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি কমিটি তা থেকে এই ৮০টি প্রকল্প নির্বাচিত করেছে।

৩২। যে পদ্ধতিতে ৮০টি প্রকল্প নির্বাচিত হয়েছে,সম্মেলনতা নিয়ে বিস্ময় প্রকাশ করে। বদ্বীপ পরিকল্পনা প্রণয়নের মূল উদ্দেশ্য ছিল একটি পূর্ণাগ, সুসংহত, এবং সামগ্রিক দৃষ্টিভংগী থেকে করণীয় নির্ধারণ করা। যদি শেষ পর্যন্ত বাস্তবায়নকারী সংস্থার কাছ থেকেই প্রকল্পের তালিকা গ্রহণ করতে হয়, এবং কমিটির ভূমিকা কেবল যাচাই-বাছাইয়ে সীমাবদ্ধ থাকে, তবে তা বদ্বীপ পরিকল্পনার উপর্যুক্ত উদ্দেশ্য সাধন করে কিনা, সে বিষয়ে প্রশ্ন থেকে যায়।

৩৩। সম্মেলন মনে করে যে, প্রকল্প বিষয়ক উপর্যুক্ত দুর্বলতাসমূহ পানি উন্নয়ন বিষয়ে বদ্বীপ পরিকল্পনার মৌলিক দোদুল্যমানতার ও পাঁচমিশেলি পন্থারই অভিপ্রকাশ। সম্মেলন দৃষ্টি আকর্ষণ করে যে, পানি উন্নয়ন দর্শন বিষয়ক দোদুল্যমানতা গোটা বদ্বীপ পরিকল্পনাকে দিকহীন এবং এর প্রকল্প তালিকাকে সমস্যাকীর্ণ করে দিয়েছে।সম্মেলন এই দোদুল্যমানটা দূরীকরণের আহ্বান জানায়।

৩৪। সম্মেলন লক্ষ্য করে যে, বাংলাদেশ গত প্রায় ৭০ বছর ধরে নদনদীর প্রতিও পানি উন্নয়ন বিষয়ে "অবরোধ পন্থা" অনুসরণ করেছে। কিন্তু এই পন্থা বাংলাদেশের নদনদী রক্ষা করেনি এবং বন্যা সমস্যার সমাধান করতে পারেনি। বরং তা জলাবদ্ধতার এক নতুন সমস্যার সৃষ্টি করেছে। এখন যখন বাংলাদেশ আগামী এক শতাব্দীর জন্য বদ্বীপ পরিকল্পনা প্রণয়ন করতে যাচ্ছে, তখন বাংলাদেশকে পরিষ্কারভাবে অবরোধ পন্থা থেকে সরে আসতে হবে এবং "উন্মুক্ত পন্থা" গ্রহণ করতে হবে। বাংলাদেশের ভূতাত্ত্বিক এবং পানি সংক্রান্ত পরিস্থিতির আঙ্গিকে উন্মুক্ত পন্থাইএই দেশের জন্য উপযোগী পন্থা। এটাই প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন (রেজিলিয়েন্ট) পন্থা। এই পন্থা জলবায়ু পরিবর্তন এবং আন্তর্জাতিক নদ-নদীর উপর উজানে বিভিন্ন হস্তক্ষেপ দ্বারা সৃষ্ট অনিশ্চয়তা মোকাবেলার জন্য সবচেয়ে বেশী পরিসর সৃষ্টি করে। এই পন্থা বাংলাদেশকে "সুরক্ষিত" এবং "অরক্ষিত" – এরূপ দুই ভাগে বিভক্ত করে না। বরং দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় সামাজিক সংহতি বৃদ্ধি করে। এই পন্থা নমনীয় এবং তা কাঠামোগত হস্তক্ষেপেরও সুযোগ করে দেয়, যেসব কাঠামো " প্রকৃতি-সপক্ষ," " প্রকৃতি-বিরুদ্ধ" নয়। উপর্যুক্ত কারণে উন্মুক্ত পন্থাই স্থায়িত্বশীল উন্নয়ন এবং স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যসমূহের সাথে সংগতিপূর্ণ।

৩৫। সম্মেলন লক্ষ্য করে যে, বাস্তবায়নের পর্যায়ে আপোষ আর দর্শনের পর্যায়ে আপোষ এক নয়। যেমন, অবরোধ পন্থা এবং উন্মুক্ত পন্থা উভয়ের অধীনেই নদী তীরবর্তী বাঁধ নির্মাণ সম্ভব। তবে অবরোধ পন্থার অধীনে বাঁধের উদ্দেশ্য হলো প্লাবনভূমিকে নদীখাত থেকে বিচ্ছিন্ন করে ফেলা। বিপরীতে, উন্মুক্ত পন্থার অধীনে বাঁধের উদ্দেশ্য হলো প্লাবনভূমিতে নদীপ্রবাহের পরিমাণ এবং সময় নিয়ন্ত্রিত করা। দর্শনগত এই পার্থক্য স্পষ্ট না থাকলে বাস্তবায়ন কার্যক্রম দ্রুতই দিক হারিয়ে ফেলে; এবং বাঞ্ছিত দিকের পরিবর্তে ভিন্ন দিকে অগ্রসর হয়। বাংলাদেশের অতীত পানি উন্নয়ন প্রকল্পসমূহের অভিজ্ঞতার দিকে তাকালেই এ বিষয়টি স্পষ্ট হয়। বন্যা "নিয়ন্ত্রণে"র নামে নির্মিত হলেও এসব প্রকল্প বন্যা "প্রতিরোধ"র ভূমিকায় অবতীর্ণ হয়।

বাস্তবায়নের পর্যায়ে আপোষের আরও উদাহরণ হলো, উচ্চ মূল্যের এবং বিশেষ গুরুত্বসম্পন্ন স্থাপনাসমূহের (যেমন আন্তর্জাতিক বিমান বন্দর) জন্য বিশেষ সুরক্ষার ব্যবস্থা করা। তবে দর্শনের পার্থক্য এখানেও গুরুত্বপূর্ণ। পূর্বেই উল্লিখিত হয়েছে, বাঁধ এবং সুরক্ষার মধ্যকার পরস্পর সম্পর্ক বিপরীত দিকেও অগ্রসর হতে পারে। সুরক্ষার কারণেই সে এলাকায় উচ্চমূল্যের স্থাপনা নির্মাণ উৎসাহিত হতে পারে। অবরোধ পন্থায় এই বিপরীত সম্পর্কের প্রতি তেমন মনোযোগ দেয়া হয় না; পক্ষান্তরে উন্মুক্ত পন্থায় তা যথাযথ গুরুত্ব পায়, এবং সুরক্ষা প্রদানের ফাঁদে সমাজ আটকে যায় না।

৩৬। সম্মেলন লক্ষ্য করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পানি উন্নয়ন মন্ত্রণালয় সফরকালে "বন্যার সাথে সহাবস্থানে"র আহ্বান জানান। একইভাবে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের সম্মেলন বক্তৃতাকালে তিনি প্রকৌশলীদের নদীর উপর যত্রতত্র বাঁধ, স্লুইস গেট, এবং নদীপ্রবাহ বাধা প্রদানকারী বিভিন্ন কাঠামো নির্মাণে বিরত থাকার আহ্বান জানান। অর্থাৎ তিনি প্রকারান্তকারে নদনদীসমূহের প্রতি উন্মুক্ত পন্থা গ্রহণের আহ্বান জানান। সম্মেলন প্রধানমন্ত্রীর উপর্যুক্ত মতামত, আহ্বান, ও নির্দেশের আলোকে বদ্বীপ পরিকল্পনা প্রণয়নের আহ্বান জানায়।

৩৭। সম্মেলন লক্ষ্য করে যে, এক শতাব্দীর সময় পরিধির একটি পরিকল্পনা চূড়ান্ত করার জন্য অতো তাড়াহুড়োর প্রয়োজন নেই। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় “বদ্বীপ আইন” এখনও সংসদে উপস্থাপিত হয় নি। তদুপরি বদ্বীপ পরিকল্পনার দ্বিতীয় খন্ড এখনও জনসমক্ষে প্রকাশিত হয় নি। সুতরাং, উন্মুক্ত পন্থার ভিত্তিতে বদ্বীপ পরিকল্পনার পরিমার্জনের এখনও যথেষ্ট সুযোগ রয়েছে।

৩৮। সম্মেলন আশা করে যে,বাংলাদেশ সরকার এই প্রস্তাবের প্রতি মনোযোগ দিবে; এবং এই প্রস্তাবে উত্থাপিত সুপারিশসমূহের আলোকে বদ্বীপ পরিকল্পনা পরিমার্জনার উদ্যোগ গ্রহণ করবে।

৩৯। সম্মেলন ঘোষণা করে যে,নদনদীর প্রতি উন্মুক্ত পন্থার ভিত্তিতে বদ্বীপ পরিকল্পনাকে পরিমার্জনার কাজে সরকারকে সহায়তা করার জন্য বাপা এবং বেন প্রস্তুত। বাপার সহ-সভাপতি এবং বেনের প্রতিষ্ঠাতা ড. নজরুল ইসলাম রচিত এবং সম্মেলনে পরিবেশিত *“বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ – এ রিভিউ”* শীর্ষক গ্রন্থে বদ্বীপ পরিকল্পনার পরিমার্জনার জন্য বিস্তৃত দিক-নির্দেশনা ইতিমধ্যেই দেয়া হয়েছে। সম্মেলন আশা করে যে,সরকার বাপা-বেনের এই সহযোগিতার সদ্ব্যাবহার করবে।

৪০। পরিশেষে সম্মেলন বাংলাদেশের সকল নাগরিককে “বদ্বীপ পরিকল্পনা ২১০০” সংক্রান্ত সম্মেলনের এইপ্রস্তাবের প্রতি সক্রিয় সমর্থন জানানো এবং বাংলাদেশের বদ্বীপ চরিত্র ও সৌন্দর্য রক্ষার সংগ্রামে এগিয়ে আসার জন্য উদাত্ত আহ্বান জানাচ্ছে।

------------ সমাপ্ত ----------